

ক্রম: ৪৬ আল-ওয়াসি' *الْوَاسِعُ*

অর্থ

সর্ব-ব্যাপী, অসীম, ব্যাপক

English

- Al-Wasi'
- The Englober. The enricher, the Omnipresent, the Knowledgeable.

ব্যাখ্যা

الْوَاسِعُ | আল-ওয়াসি' (অসীম, ব্যাপক)[1] | Al-Wasi' | The All-Encompassing, the Boundless

গ্রন্থকার রহ. বলেছেন, আল-ওয়াসি' হলেন, যিনি সিফাত, গুণাবলী ও এর সম্পৃক্ত সবকিছুতে এতোই প্রশংসন্ত ও ব্যাপক যে, কেউ তার প্রশংসা গণনা করতে সক্ষম হবে না; বরং তিনি নিজের প্রশংসা নিজে যেভাবে করেছেন তিনি সে রকমই, তিনি বড়ত্বে, ক্ষমতায়, মালিকানায়, দয়া, ইহসানে অসীম, প্রশংসন্ত। তিনি দয়া ও দানশীলতায় মহান।[2]

[1] এ নামের দলিল হলো আল্লাহর নিম্নোক্ত বাণী,

﴿وَاللَّهُ يَعِدُكُمْ مَغْفِرَةً مِنْهُ وَفَضْلًا وَاللَّهُ وَسِعٌ عَلَيْمٌ﴾ [البقرة: ٢٦٨]

“আর আল্লাহ তোমাদেরকে তার পক্ষ থেকে ক্ষমা ও অনুগ্রহের প্রতিশ্রুতি দেন। আর আল্লাহ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।”
[সূরা আল-বাকারা, আয়াত: ২৬৮]

[2] আত-তাফসীর, ৫/৬৩১।

Source — <https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=46>

ଓ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন